

**আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ,ভান্ডারপুর
বাজার, বদলগাছী, নওগাঁ।**

নিবন্ধন নং- ২৩৯, তারিখঃ-১৮/০৫/২০১১ খ্রিঃ

১। ভূমিকা: সমিতির নাম ঠিকানা: আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ ১৮/০৫/২০১১ খ্রি. সালে ২০ জন সদস্য নিয়ে এলাকার সমমনা ব্যাক্তি এবং সাধারণ মানুষের জীবন যাত্রার মান উন্নয়ন এবং বেকার যুবকদের কর্মসংস্থান ও আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন এর লক্ষ্যে সমিতিটি গঠন করা হয় ভান্ডার বাজার, বদলগাছী, নওগাঁ তার অফিস ভাড়া করে, জেলা সমবায় অফিসার, নওগাঁ মহোদয় এর কার্যালয়ে নিবন্ধনের জন্য আবেদন করা হয়। সে মোতাবেক জেলা সমবায় অফিসার, নওগাঁ, মহোদয় নিবন্ধন প্রদান করেন, নিবন্ধন নং- ২৩৯, তারিখঃ-১৮/০৫/২০১১ খ্রিঃ। সংশোধিত রেজি নং ৩০, তারিখঃ- ০৭/০৫/২০১৩ খ্রিঃ।

২। সদস্য সংখ্যা ও বিভিন্ন কর্মসূচীঃ আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ ২০ জন সদস্য নিয়ে কার্যক্রম শুরু করে এবং সমবায় আদর্শে উদ্বৃদ্ধ হয়ে ৩৯২২ জন সদস্য নতুন করে ভর্তি হয়। বর্তমানে সমিতির সদস্য সংখ্যা ৩৯৪২ জন। সমিতিটি তার কর্ম এলাকার মধ্যে বিভিন্ন ধরণের মূলধন গঠন করে কৃষি শস্য উৎপাদন, বীজ উৎপাদন, গবাদি পশুপালন, পাপোশ তৈরী, ক্ষুদ্র ব্যবসা ইত্যাদি ট্রেডে সদস্যদের মধ্যে খণ কার্যক্রম পরিচালনা করে আসছে।

৩। কার্যক্রমের বর্ণনাঃ আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ নিবন্ধনের পর থেকে বিভিন্ন ধরণের উল্লেখযোগ্য কর্মকাণ্ড পরিচালনা করে আসছে, যেমনঃ শেয়ার মূলধনঃ ১৫০৯১০০/-টাকা, সঞ্চয় আদায়ঃ ৫৪৮৪৬৬৩/-টাকা, ক্ষুদ্র ব্যবসায়ীদের মাঝে খণ সহায়তা প্রদান, ক্ষুদ্র খণ, গোবাদী পশু, কৃষি শস্য উৎপাদন, পাপোশ উৎপাদনে ৫২০৬৩০০০/-টাকা বিনিয়োগ করে বেকার যুবকদের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে জৈব পদ্ধতিতে গবাদিপশু পালন সংক্রান্ত প্রশিক্ষণ দিয়ে গরু ছাগল ও মুরগি পালনের জন্য খণ সহায়তা প্রদান, এবং বিভিন্ন সময় সমিতির সদস্য এবং অসহায়, শ্রমজীবি, দুঃস্থ সাধারণ খেটে খাওয়া মানুষের মাঝে ত্রাণ সহায়তা প্রদান, ঝড়ে পড়া শিশুদের শিক্ষার ব্যবস্থা এবং শিক্ষা উপকরণ প্রদান করে আসছে।

৪। বিগত বছরগুলোর উল্লেখযোগ্য কর্মকাণ্ডের বর্ণনাঃ (ক) আধুনিক প্রযুক্তি ব্যবহার করে কৃষি খামার পরিচালনায় কৃষকদেরকে উদ্বৃদ্ধ করা, (খ) উপজেলা কৃষি অফিসের সহায়তায় উন্নত জাতের বীজ ধান উৎপাদনে কৃষকদের সমন্বয় স্থাপন, (গ) জৈব পদ্ধতিতে গবাদি পশু পালন (মোটাতাজাকরণ)-এ কৃষকদেরকে উদ্বৃদ্ধকরণ (ঘ) বিশেষ চাহিদা সম্পূর্ণ মানুষদের শীতবস্ত্র ও সহায়ক উপকরণ প্রদান, (ঙ) প্রতিবন্ধী ভাতা প্রদান করা হয়।

৫। কেস স্ট্যাডিঃ জনাব মোছাঃ ঝর্ণা,স্বামী মোঃ দেলোয়ার, মাতাঃ কারিমা বেগম, গ্রামঃ কেশাইল, ডাকঃ ভান্ডারপুর, উপজেলা: বদলগাছী, জেলা: নওগাঁ তিনি তাঁর পারিবারিক কারন জনিত আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ এর সদস্যভুক্তি হওয়ার জন্য সমিতিতে আবেদন করেন, সেই আলোকে সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সম্মতিতে এবং ভর্তি ফি ২০/-টাকা, শেয়ার বাবদ আদায় ১০০/-টাকা এবং সঞ্চয় বাবদ ৫০০/-টাকা জমা দিয়ে ০২/০২/২০১২খ্রি. তারিখে সমিতিতে ভর্তি হন, সদস্য নং -648। প্রতিবেদন মাস পর্যন্ত তাঁর শেয়ার জমা রয়েছে ৪০০/-টাকা এবং সঞ্চয় জমা রয়েছে ৩৬৯৮/- টাকা, সমিতিতে সদস্য হওয়ার ক্ষেত্রে সামাজিক বা পারিবারিক কোন বাধা ছিলো না।

৬। কিভাবে সফল হলো তার বর্ণনাঃ আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ তার লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের জন্য সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য এবং অন্যান্য সদস্যরা তাদের ঐকান্তিক প্রচেষ্টা, নিরলস প্ররিশ্রম, মেধা, মননশীলতা, সততা দিয়ে সমিতিতে ৫৪ জন (২০ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত) বেকারদের কর্মসংস্থান সৃষ্টি, কৃষকদের স্বাবলম্বি করে

তোলার ক্ষেত্রে যথেষ্ট ভূমিকা পালন করছে, এছাড়াও বিভিন্ন ধরণের সামাজিক কার্যক্রম পরিচালনা করছে যেমন- বাল্য বিবাহ সম্পর্কে সচেতন করা, সামাজিক অবক্ষয় রোধ কল্নে মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা, বিভিন্ন দূর্ঘোগ মৃহুর্তে জনগণের পাশে থেকে বিভিন্ন ধরণের সাহায্য সহযোগিতা প্রদান, মহামারী করোনা কাণীন সময় গণসচেতনতা গড়ে তোলা এবং ত্রাণ সহায়তা প্রদান উল্লেখযোগ্য কর্মকাণ্ড ইত্যাদি। এবং উপজেলা পর্যায়ে সমিতিটি সমবায় অঙ্গনে বিশেষ ভূমিকা পালনের জন্য সম্মনানা লাভ করেছেন।

৭। লভ্যাংশ বিতরণ ও সিডিএফ পরিশোধ: সমিতিটি তার সদস্যদের মধ্যে নিয়মিত লভ্যাংশ প্রদান করে আসছে, বিগত বছরের টাকা নিরীক্ষা পরবর্তী লভ্যাংশ ধার্য করা হয় এবং উক্ত লভ্যাংশ হালসনে বিতরণ করা হয়, এবং বিগত ২০২০-২০২১ সনের ৬৯৪৮/-টাকা, ২০২১-২০২২ সনের ৪৭৭৩/-সিডিএফ ধার্য করা হয় সমুদয় পরিশোধ করা হয়েছে। নিয়মিত সরকারী ফি পরিশোধ করা হয়ে থাকে।

৮। অডিট সম্পর্কিত তথ্য: সমিতিটি অভ্যন্তরীন নিরীক্ষা সেল গঠন করেছেন। প্রতিমাসে অভ্যন্তরীন অডিট কার্যক্রম পরিচালনা করে, এবং সমিতির ব্যবস্থাপনা কমিটির নিকট অডিট প্রতিবেদন দাখিল করেন। এছাড়াও সমবায় বিভাগ কর্তৃক অডিট অফিসার নিয়োগ কল্নে প্রতি বছর বার্ষিক অডিট কার্যক্রম করে থাকে। অডিট অফিসার কর্তৃক অডিট প্রতিবেদন দাখিল করলে সমবায় সমিতি আইন /০১ সংশোধিত/০২ ও ১৩ এবং বিধিমিলা/২০০৪ অনুযায়ী (ক) অডিট নোটের সংশোধনী, (খ) বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান, (গ) বাজেট দাখিল (ঘ) অডিট অফিসার কর্তৃক ধার্যকৃত অডিট ফি, অডিট ফি এর ভ্যাট, সমবায় উন্নয়ন তহবিল প্রদান সহ যাবতীয় নির্দেশনা বাস্তবায়ন করা হয়। সর্বশেষ ২০২১-২০২২ খ্রি. সনের অডিট গত ২৫/১০/২০২২ খ্রি. তারিখে সম্পাদন করা হয়।

৯। ব্যাংক ও অন্যান্য তথ্য: আরডা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ তার আদায়কৃত মূলধন গঠন করে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে, যেমনঃ শেয়ার, সঞ্চয়, অন্যান্য মূলধনঃ উৎপাদন খাত হতে আয় করে সমিতির তার নিজস্ব ব্যাংক হিসাব সোনালী ব্যাংক লিঃ, ভাস্তারপুর শাখা, বদলগাছী, নওগাঁয় হিসাব নং-৪৮০৫০০৮০০১৩৪ এ জমা সহ যাবতীয় লেনদেন পরিচালনা করা হয়। উক্ত শাখায় ৩০/০৬/২০২৩ খ্রি, তারিখে স্থিতির পরিমাণ ৬৮৪৪৬৮/-টাকা এবং ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ বদলগাছী শাখা, নওগাঁয় হিসাব নং ০২৮৪১৩১০০০০০০৬৫। উক্ত শাখায় ৩০/০৬/২০২৩ খ্রি, তারিখে স্থিতির পরিমাণ ৩৪৪৯৪/-টাকা এবং উক্ত শাখায় এফডিআর ৫০০০০/- টাকা, সংরক্ষিত তহবিলের এফডিআর ২৭৪৮৫০/- টাকা রক্ষিত আছে। সমিতির কার্যকরী মূলধন ২৬৮৯৩৩৬১/-টাকা।

১০। আর্থ সামাজিক উন্নয়নে ভূমিকা: ক্ষুদ্র পুঁজি গঠনের মাধ্যমে বেকার জন গোষ্ঠির কর্ম-সংস্থানের লক্ষ্য ও উদ্দেশ্য কার্বিগরি প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং আত্মকর্মসংস্থান সৃষ্টি করা সমিতির লক্ষ্য। এক্ষেত্রে সমিতি কাজ করে উন্নত জাতের বীজ উৎপাদন, গরু মোটাতাজাকরণ, পাপোশ ফ্যাক্টরী পরিচালনা করা। এ ফ্যাক্টরীতে ৬০ জন কর্মী নিয়োজিত আছে। এছাড়া কৃষি উৎপাদন, ক্ষুদ্র ব্যবসায় ঝণ বিনিয়োগ করে শতশত বেকার যুবকের আত্মকর্মসংস্থান সৃষ্টি করেছে। ফলে সদস্যদের আর্থ সামাজিক অবস্থার উন্নতি হয়েছে। ২০২১-২০২২ খ্রি. বর্ষে সমিতিটি ১৫৯০৯৭/- টাকা নীট লাভ করেছে। বর্তমানে সমিতিটি অত্র এলাকায় একটি সফল সমবায় সমিতি হিসাবে সুনাম অর্জন করেছে।

১১। কর্মকাণ্ডের ছবিঃ ক) উৎপাদন বৃদ্ধি: উন্নত জাতের ধান বীজ উৎপাদন এবং গরু মোটাতাজ করে বাজারজাত করা হয়।



উৎপাদন বৃদ্ধি: ধান বীজ, শস্য উৎপাদন, গরু মোটাতাজাকরন এবং প্রতিবন্ধী ভাতা প্রদান করা।

খ) স্বাবলম্বী হিসেবে সমাজে এবং পরিবারে একজন সফল উদ্যেক্তা হিসেবে পরিচয় দিয়েছেন, কারন নিজের এবং পরিবারের প্রয়োজন মতো কাপড় প্রস্তুত করা এবং পরিবারের বাহিরে চেইনসপ এর মাধ্যমে পোষাক তৈরি করে অর্থনৈতিক ও সামাজিকভাবে কিছুটা স্বাবলম্বী হয়েছেন।



গ) সামাজিক বনায়ন এবং পায়খানার রিং প্লাব বিতরন করা হয়।



সামাজিক কার্যক্রমের সচিত্র প্রতিবেদন।